



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-২২২২১৮২৬৭

তারিখ: ২৬-০৬-২০২৩খ্রি.

ফোন : ৮৮-০২-২২২২১৮৫৩৭

ফ্যাক্স : ৮৮-০২-২২২২১৮৫৩৭

ই-মেইল : info@baera.gov.bd

ওয়েবসাইট : www.baera.gov.bd

এক্স রে স্থাপনা/বিকিরণ উৎপাদনকারী যন্ত্রপাতির নতুন লাইসেন্স গ্রহণের সাধারণ নিয়মাবলী

- বিকিরণ উৎপাদনকারী যন্ত্র (যেমন: Fixed X-ray Unit, Mobile X-ray Unit, Dental X-ray Unit, OPG Unit, CT Scan Machine, C-Arm Machine, Mammography Unit, Angiogram Unit, Bone Densitometry ইত্যাদি) এর নতুন ব্যবহারিক লাইসেন্স গ্রহণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর ওয়েবসাইট ([লিংক](#)) অথবা বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর নীচ তলার বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ (কক্ষ নং-১০৩) হতে 'গ'-শ্রেণির আবেদন ফরম (তফসিল-৪.৩) সংগ্রহ করতে হবে।
- সংগৃহীত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে-
 - আবেদন ফরমের প্রথম অংশের ক্রমিক নং-৪ এ আবেদনকারীর/লাইসেন্সধারীর নাম (বাংলায় এবং ইংরেজিতে), পদবী ও মোবাইল নাম্বার অবশ্যই সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্স এবং জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পূরণ করতে হবে;
 - আবেদন ফরমের প্রথম অংশের ক্রমিক নং-৫ এ গুদামজাতকরণ করিবার স্থানের পূর্ণ ঠিকানা অবশ্যই সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্স অনুযায়ী পূরণ করতে হবে;
 - আবেদন ফরমের প্রথম অংশের ক্রমিক নং-৭ এ বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা (RCO) এর নাম অবশ্যই বাংলায় ও ইংরেজিতে পূরণ করতে হবে এবং
 - আবেদন ফরমের দ্বিতীয় অংশের ক্রমিক নং-১০ এর ক, খ, গ, ঙ, চ এবং জ নং কলাম (মেশিনের মডেল, কিলোভোল্ট (kV), মিলি অ্যাম্পিয়ার (mA), নিয়ন্ত্রণ প্যানেলের ক্রমিক নং, টিউব হেডের ক্রমিক নং ও অভিপ্রেত ব্যবহার) অবশ্যই যথাযথভাবে উল্লেখ করতে হবে।
- অফিস আদেশ (সংখ্যা-১৬/২০১৬, তারিখ: ০৮/১২/২০১৬) ([লিংক](#)) অনুযায়ী প্রতিটি বিকিরণ উৎপাদনকারী যন্ত্রের লাইসেন্স ফি (১৫% ভ্যাটসহ) বাবদ (১৫,০০০+২,২৫০)=১৭,২৫০/- (সতেরো হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। এক্ষেত্রে ফি ও ভ্যাট বাবদ প্রদত্ত সমস্ত টাকা একত্রে যে কোন ব্যাংক থেকে "বাপশনিক রেগুলেটরি ফি" অথবা "BAERA Regulatory Fee" শিরোনামে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান পূর্বক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতিত কোন নগদ অর্থ গ্রহণ করা হয় না।
- পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নলিখিত Document অবশ্যই দাখিল করতে হবে:
 - লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে লিখিত আবেদনপত্র;
 - লাইসেন্সধারীর অনুপস্থিতিতে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তি আবেদন করতে পারবে। সেক্ষেত্রে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তির স্বপক্ষে অনুমোদনপত্র (Authorization Letter) দাখিল করতে হবে;
 - যথাযথভাবে পূরণকৃত বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার (RCO) মনোনয়ন ফরম ([লিংক](#));
 - বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার (RCO) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
 - বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা (RCO) এর মূল সনদের ফটোকপি (যদি থাকে);
 - বিকিরণ কর্মীদের ব্যক্তি পরিবীক্ষণের জন্য স্বাস্থ্য পদার্থবিজ্ঞান বিভাগ, পরমাণু শক্তি কেন্দ্র, ৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ডাক বাক্স নং-১৬৪, রমনা ঢাকা-১০০০ (ফোন: ৮৬২১৩২১, ৯৬৭৫০১১, ফ্যাক্স: ৮৬১৩০৫১) হতে টিএলডি ব্যাজ প্রাপ্তির প্রমাণপত্র অথবা আবেদনপত্র জমাদানের কপি;
 - বিকিরণ উৎপাদনকারী যন্ত্রের সংস্থাপন সংক্রান্ত Acceptance Test, Instalation এবং Commissioning রিপোর্ট এর কপি;
 - স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত লাইসেন্স এর ফটোকপি;
 - ব্যবসা পরিচালনার জন্য সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্সের ফটোকপি এবং
 - স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে এক্স-রে রুমের নকশা।
- প্রয়োজনীয় Document এর অভাব, অসম্পূর্ণ আবেদনপত্র অথবা লাইসেন্স ফি বাবদ প্রদেয় পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মধ্যে কোন ত্রুটি পরিলক্ষিত হলে লাইসেন্স প্রদানের প্রক্রিয়া বিলম্বিত হতে পারে।
- আবেদনপত্র গ্রহণ করার পর প্রয়োজনীয় ক্ষেত্রে পরিদর্শন (সরেজমিন/ভার্চুয়াল) সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হবে।
- পরিপূর্ণ তথ্য অত্র কর্তৃপক্ষে পৌঁছানোর তারিখ আবেদন গ্রহণের তারিখ হিসাবে বিবেচনা করা হবে।
- লাইসেন্সধারীর অনুপস্থিতিতে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তি লাইসেন্স এর মূল কপি সংগ্রহ করতে পারবে। সেক্ষেত্রে লাইসেন্সধারী কর্তৃক মনোনীত ব্যক্তির স্বপক্ষে অনুমোদনপত্র (Authorization Letter) দাখিল করতে হবে।

উপরোক্ত বিষয়ে আরো অধিক তথ্য/জনার প্রয়োজন হলে নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।

বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ (কক্ষ নং-১০৩ ও ৩০১)

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ফোন নং ৮৮-০২-২২২২১৮২৬৭, ৮৮-০২-২২২২১৮৫৩৭।